# সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ

**কে এম আলী রেজা**

ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ডাটার ব্যবহার ও পরিমাণ বেড়ে যাওয়ার কারণে অনেকে এখন বৃহদাকারের ফাইল পোর্টেবল বা বহনযোগ্য ড্রাইভে সংরক্ষণ করতে আগ্রহী হচ্ছেন। এ ছাড়া পোর্টেবল ড্রাইভ বেশি পরিমাণে ডাটা ধারণ করতে পারে বিধায় এটি ডাটা ব্যাপআপের জন্য ভালো একটি মাধ্যম হিসেবে ব্যবহার হচ্ছে। বাজারে বিভিন্ন ধরনের পোর্টেবল ড্রাইভ পাওয়া যাচ্ছে। তবে এগুলোর মধ্যে আবার সিগেট নির্মিত ব্যাকআপ প্লাস ড্রাইভ বেশ আলোচিত হয়েছে। এখানে এই ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে।



সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ

প্রথমে দেখা যাক, সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভের প্রধান সুবিধাগুলো কী। এসব সুবিধার মধ্যে রয়েছে– ক. বেশি স্টোরেজ ক্ষমতা, খ. ম্যাক কমপিউটারের জন্য এনটিএফএস ড্রাইভ ফরম্যাট এতে অন্তর্ভুক্ত রয়েছে, গ. সিগেট লেভে অ্যাপ্লিকেশন নেটওয়ার্ক সংযুক্ত স্টোরেজের (NAS) সামর্থ্য সৃষ্টি করে, ঘ. এতে দুই বছরের জন্য ২০০ গিগাবাইট ক্ষমতাসম্পন্ন ওয়ানড্রাইভ ক্লাউড স্টোরেজ সুবিধা অন্তর্ভুক্ত।

তবে সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ ৪ টেরাবাইট দ্রুত স্টোরেজ সুবিধা দিতে পারে, যা সাথে করে সব জায়গায় বহন করে নিয়ে যেতে পারবেন। এটি অত্যন্ত যুক্তিসঙ্গত মূল্যে আপনাকে পার্সোনাল ক্লাউড সুবিধা দেবে।

সময়ের সাথে সাথে এটা দেখে মনে হচ্ছে, সবসময় কমপিউটার সিস্টেমে আরও বেশি স্টোরেজ সুবিধা প্রয়োজন। এমনকি একটি ১২৮ গিগাবাইট ফোন দিনশেষে দেখা গেল ফাইল দিয়ে পূর্ণ হয়ে গেছে এবং অনেকের জন্য ওই ফাইলগুলো হচ্ছে ফটো ও ভিডিও প্রকৃতির, যা সহজে প্রতিস্থাপিত করা যাবে না বা মুছে ফেলা যাবে না।

একটি ৪ টেরাবাইট সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ হাজার হাজার ছবি ও ভিডিও ধারণ করতে পারে, সেই সাথে আপনার ল্যাপটপ বা ডেস্কটপ থেকে ফাইল সংরক্ষণ করার ক্ষমতা এর আছে। এর ডাটা ধারণক্ষমতা সিগেট ব্যাকআপ প্লাস ফাস্টের মতো এবং এটি ডাটা ব্যাকআপবিষয়ক ডিভাইস শ্রেণীর মধ্যে একটি শীর্ষ বাছাই ডিভাইস হিসেবে স্বীকৃত। এ ছাড়া প্রতি গিগাবাইট হিসেবে এর খরচ অন্যান্য ড্রাইভের তুলনায় প্রায় অর্ধেক। এর অর্থ সাধারণ ব্যাকআপ ও স্টোরেজ উদ্দেশ্য পূরণে সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ হচ্ছে বাজারে প্রচলিত অন্যান্য পোর্টেবল এক্সটার্নাল হার্ডড্রাইভের মধ্যে অন্যতম প্রধান পছন্দ।

## ডিজাইন ও ফিচার

ড্রাইভটি একটি মৌলিক বক্সের মতো দেখতে, যার পরিমাপ ০.৮ ইঞ্চি বাই ৪.৫ ইঞ্চি বাই ৩.১ ইঞ্চি এবং ওজন প্রায় ৮.৬ আউন্স। এর ওপরের ঢাকনা কালো রংয়ের, সাথে রয়েছে ডিস্ক-কার্যকলাপ সম্পর্কিত সিগন্যাল আলো এবং সিগেটের নতুন লোগো। এর এক পাশে রয়েছে মাইক্রো ইউএসবি ৩.০ পোর্ট। এ ড্রাইভের সাথে থাকছে ইউএসবি ৩.০ ক্যাবল, যার অপর অংশ মাইক্রো পোর্টে যুক্ত করা যাবে। সিগেট ব্যাকআপ প্লাসের ২০১২ সংস্করণে রয়েছে একটি নিজস্ব ইউএসএম কানেক্টর, যা সিগেটের থান্ডারবোল্ট অ্যাডাপ্টারের সাথে যুক্ত করার জন্য ব্যবহার হয়।

ড্রাইভটি এনটিএফএস ফাইলের জন্য প্রি-ফরম্যাটের। সুতরাং এটি বক্সের বাইরে এনে যেকোনো উইন্ডোজ পিসির সাথে জুড়ে দিলেই কাজ করবে। আপনি একজন ম্যাক ব্যবহারকারী হলে ম্যাকের উপযোগী এনটিএফএস ড্রাইভার ইনস্টল করতে হবে, যাতে ম্যাকের সাথে ব্যাকআপ প্লাস ব্যবহার করতে পারেন। তবে ইনস্টলেশন প্রক্রিয়াটি খুব সহজ। এজন্য মাত্র কয়েক মিনিট সময় লাগে। যদি আর কোনো ড্রাইভার এতে যোগ করতে না চান, তাহলে আপনাকে ড্রাইভ আবার ফরম্যাট করতে হবে।



*ইউএসবি ক্যাবলসহ সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ*

ড্রাইভে অন্তর্ভুক্ত সেটআপ প্রোগ্রাম আরও ইনস্টল করে থাকে সিগেট ড্যাশবোর্ড। এটি একটি ইউটিলিটি, যা আপনাকে ডাটা ব্যাকআপ এবং আপনার ছবি ও ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমগুলোতে শেয়ার করতে সাহায্য করে। আপনি সামাজিক মিডিয়া অ্যাকাউন্ট থেকে ছবি ও ভিডিও সংরক্ষণ করার জন্য এটি ব্যবহার করতে পারবেন। এ ছাড়া সিগেট মাইক্রোসফটের ওয়ানড্রাইভ সার্ভিসে ২০০ গিগাবাইট ক্লাউড স্টোরেজ সুবিধা এবং সিগেট লেভে (Lyve) অ্যাপে বিনামূল্যে দুই বছরের সাবস্ক্রিপশন সুবিধা দেয়।

এ ছাড়া ইন্টারনেটের মাধ্যমে বন্ধুদের সাথে আপনার ছবি ও ভিডিও শেয়ার করতে পারেন। এজন্য তাদেরকে একটি লিঙ্কে ই-মেইল করে ছবি ও ভিডিও পাঠাতে হবে, যা ওইসব ইউজারের ব্রাউজারে সহজেই ওপেন হবে। এই সেবা PogoPlug পিসি থেকে পাওয়া সেবার অনুরূপ। আপনাকে ওই সময়কালের জন্য ডেস্কটপ অথবা ল্যাপটপ চালু রাখতে হবে। কিন্তু নেটওয়ার্ক সংযুক্ত স্টোরেজ সেটআপ না করেও নেটওয়ার্কের মাধ্যমে ফাইল শেয়ার করার জন্য এটি একটি সহজ উপায়।

## দক্ষতা ও ব্যয়

ড্রাইভ পরীক্ষায় এটি ভালো ফল প্রদর্শন করে। এটি উল্লেখযোগ্যভাবে একই ধরনের পরীক্ষায় ওয়েস্টার্ন ডিজিটাল মাই পাসপোর্ট আল্ট্রা, এডাটা এইচই৭২০, তোশিবা ক্যানভিও কানেক্ট-২ এবং বাফেলো মিনিস্টেশন এক্সট্রিমের তুলনায় দ্রুততর গতিতে কাজ করে। সিগেট ব্যাকআপ প্লাস ফাস্ট ওইসব ক্ষেত্রে খুব বেশি উপযোগী, যেখানে আপনাকে ভিডিও বা বড় আকারের ফাইল অনেক বেশি পরিমাণে হস্তান্তর করার প্রয়োজন হয়।

ড্র্যাগ অ্যান্ড ড্রপ পরীক্ষায় দেখা গেছে ব্যাকআপ প্লাস সময় নেয় ১২ সেকেন্ড, যা একটি ইউএসবি ৩.০ সজ্জিত ড্রাইভের গড় সময়ের চেয়ে কম। সিগেট ব্যাকআপ প্লাস ফাস্ট, তোশিবা ক্যানিভিও কানেক্ট-২ এবং ওয়েস্টার্ন ডিজিটাল মাই পাসপোর্ট আল্ট্রা প্রতিটি নেয় ১৩ সেকেন্ড সময়। আপনি একটি সলিড স্টেট ড্রাইভ (এসএসডি) অথবা একটি RAID ড্রাইভ ব্যবহার করা ছাড়া দ্রুততর ডাটা ট্রান্সফারের জন্য সিগেট ব্যাকআপ প্লাস নিঃসন্দেহে একটি ভালো অপশন। দেখা গেছে, একটি ৪ টেরাবাইটের সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভের খরচ তুলনামূলকভাবে সাশ্রয়ী।

## শেষকথা

সিগেট ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ বৃহত্তম ডাটা ধারণ ক্ষমতাসম্পন্ন পোর্টেবল ড্রাইভের মধ্যে অন্যতম সেরা ড্রাইভ। ড্রাইভের গতি, লেভে পার্সোনাল ক্লাউড সার্ভিসের মতো অতিরিক্ত বৈশিষ্ট্য এবং গিগাবাইটপ্রতি তুলনামূলকভাবে কম খরচ একে বেশ জনপ্রিয় করে তুলেছে। এটি ক্লাউডভিত্তিক সেবা অথবা ন্যাস স্থাপনের চেয়ে স্থানীয়ভাবে আপনার ফাইল সংরক্ষণ করার জন্য একটি ব্যয়সাশ্রয়ী উপায়। সিগেট ব্যাকআপ প্লাস ফাস্ট বেঞ্চমার্ক পরীক্ষায় দ্রুততর প্রমাণিত হয়েছে। সুতরাং ব্যাকআপ প্লাস পোর্টেবল ড্রাইভ পোর্টেবল এক্সটার্নাল হার্ডড্রাইভের জন্য অন্যতম ভালো পছন্দ হিসেবে বিবেচিত হতে পারে। কজ

*ফিডব্যাক : kazisham@yahoo.com*